



তথ্যবিবরণী

নম্বর: ১০৭

রাসিকের সারচার্জ বিহীন বকেয়া পৌরকর পরিশোধ ও ট্রেড লাইসেন্স নবায়নের সময়সীমা বৃদ্ধি

রাজশাহী; ১০ অগ্রহায়ণ (২৫ নভেম্বর) :

সারচার্জ বিহীন বকেয়া পৌরকর পরিশোধ ও ট্রেড লাইসেন্স নবায়নের সময়বৃদ্ধি করেছে রাজশাহী সিটি কর্পোরেশন (রাসিক)। রাসিকের রাজস্ব বিভাগের এক প্রেসবিজ্ঞপ্তি অনুসারে, ২০২৪-২৫ অর্থ-বছরের পৌরকরের উপর ১০% রেয়াত সুবিধা এবং ট্রেড লাইসেন্স বকেয়ার উপর ১৫% সারচার্জ আগামী ৩০ নভেম্বর পর্যন্ত মওকুফ করা হয়েছে।

রাসিকের প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, যেসব হোল্ডিং মালিকগণ এখন পর্যন্ত পৌরকরের বিল পরিশোধ করেন নাই তাদেরকে বকেয়ার উপর সারচার্জ মওকুফসহ ২০২৪-২৫ অর্থবছরের চার কিস্তির উপর ১০% রেয়াত সুবিধা এবং ব্যবসায়ীদের সারচার্জ বিহীন ট্রেড লাইসেন্স নবায়নের সময়সীমা আগামী ৩০ নভেম্বর পর্যন্ত বৃদ্ধি করেছে রাসিক। এ সময়ে হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স নবায়নের উপর ১৫% সারচার্জ মওকুফ করা হয়েছে।

এ সুবিধাসমূহ গ্রহণ করে আগামী ৩০ নভেম্বরের মধ্যে পৌরকর ও ট্রেড লাইসেন্স নবায়ন করতে মহানগরবাসীর প্রতি অনুরোধ জানানো হয়েছে।

.....
আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/১৫:১০ঘ.